



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা শিক্ষা অফিসারের কার্যালয়
বগুড়া।
Email: deobogra@gmail.com



স্মারক নং- ৩৭.০২.১০০০.০০০.১৮.০০১.২৪/ ২৭০

তারিখ: ২৮/০২/২০২৪খ্রি.

বিষয় : “ঐতিহাসিক ৭ই মার্চ” ২০২৪ উদযাপন উপলক্ষ্যে নির্দেশনা বাস্তবায়ন প্রসঙ্গে।

সূত্র : জেলা প্রশাসক, বগুড়ার স্মারক নং-০৫.৫০.১০০০.০০৬.০২.০৮৫.২৪.১৭৭; তারিখ : ০৮-০২-২০২৪খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশের স্বাধীনতার প্রেক্ষাপটে জাতির পিতার বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণের গুরুত্ব অপরিসীম। ২০১৭ সালের ৩০ অক্টোবর ইউনেস্কো (UNESCO) কর্তৃক ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণকে বৈশ্বিক দলিল (Memory of the world Register এ অন্তর্ভুক্তিকরণ) হিসেবে স্বীকৃতি দেয়ায় আন্তর্জাতিক পরিমন্ডলেও এ ভাষণের তাৎপর্য ও গুরুত্ব অনেক বৃদ্ধি পেয়েছে। প্রতিবছরের ন্যায় এবছরও জাতীয় কর্মসূচির সাথে সমন্বয় করে ঐতিহাসিক ৭ই মার্চ দিবস উদযাপন করা হবে। জাতীয় কর্মসূচির সাথে সংগতি রেখে সকল শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের স্বাস্থ্য রক্ষায় শূন্য ঝুঁকি নিশ্চিত করে স্ব-স্ব কর্মসূচি প্রণয়ন পূর্বক দিবসটি উদযাপনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। ইংলিশ মিডিয়াম স্কুল ও মাদ্রাসাসমূহও যাতে যথাযোগ্য মর্যাদায় দিবসটি উদযাপন করে সে বিষয়ে বিশেষভাবে তত্ত্বাবধানসহ ঐতিহাসিক ৭ই মার্চ উদযাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।


সংযুক্তি : ০৪ পাতা।


প্রাপক : উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)

....., বগুড়া।

বিতরণ :

- ০১। জেলা প্রশাসক, বগুড়া
- ০২। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), বগুড়া।
- ০৩। দপ্তর নথি।


২৮/০২/২০২৪
(মোঃ হযরত আলী)
জেলা শিক্ষা অফিসার
বগুড়া।


২৮/০২/২৪